# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫২৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের মাঝে শ্রেষ্ঠ ঐ ব্যক্তি যার থেকে ভাল কিছু আশা করা হয় এবং তার অনিষ্ট থেকে নিরাপদ থাকা যায়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مِنْ خَيْرِ النَّاسِ مَنْ رُجِيَ خَيْرُهُ وَأُمِنَ شَرُّهُ

---

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ قال: حدثنا عبد العزيز بن محمد عن الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رسول الله صلى الله عليه وسلم قال: (أَلَا أُخْبِرُكُمْ بِخَيْرِكُمْ مِنْ شَرِّكُمْ؟ ) فقَالَ رَجُلٌ: بَلَى يَا رَسُولَ اللَّهِ قَالَ: (خَيْرُكُمْ مَنْ يُرجى خَيْرُهُ وَيُؤْمَنُ شَرُّهُ وَشَرُّكُمْ مَنْ لَا يرجى خيره ولا يؤمن شره.)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 528 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫২৮. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু ‘আনহুম থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আমি কি তোমাদের মাঝে উৎকৃষ্ট ও নিকৃষ্ট লোক সম্পর্কে বলবো না?” তখন এক ব্যক্তি বললেন: “হ্যাঁ, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তোমাদের মাঝে উৎকৃষ্ট লোক ঐ ব্যক্তি যার থেকে কল্যান আশা করা যায়, তার অনিষ্ট থেকে নিরাপদ থাকা যায়। আর নিকৃষ্ট ব্যক্তি হলো ঐ ব্যক্তি যার থেকে কল্যান আশা করা যায় না এবং তার অনিষ্ট থেকেও নিরাপদ থাকা যায় না।”[1]

ফুটনোট

[1] মুসনাদুশ শিহাব: ১২৪৭; মুসনাদ আহমাদ: ২/৩৬৮; মাজমা‘উয যাওয়াইদ: ৮/১৮৩।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তাখরীজুল মিশকাত: ৪৯৯৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88992

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন